

উপজেলা কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : সারমীন ইয়াছমীন
উপজেলা নির্বাহী অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর

তারিখ ও সময় : ০৬-০৩-২০২৪ খ্রি., সকাল ১০:৩০ ঘটিকা

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

অদ্য সকাল ১০.৩০ ঘটিকার সময় উপজেলা কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

আলোচ্য সূচি-১ : কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জেলা কৃষি পূর্নবাসন বাস্তবায়ন কমিটির ১৮/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর এর ১৮/০২/২০২৪ তারিখের ১২.১৭.২৯০০.০৪১.৩৮.২৮৭.২১/১৩৯(২২) নং স্মারকের নির্দেশনা মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে পাট ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নোক্ত কর্মসূচি পাওয়া গেছে।

কর্মসূচির বিবরণঃ

ক্রম নং	ফসলের নাম	কৃষক সংখ্যা (জন)	বীজের পরিমাণ (কেজি) (রবি-১)	টাকা	উপকরণ পরিবহন বাবদ (টাকা)	অন্যান্য আনুষংগিক (টাকা)	মোট টাকা
১.	পাট	৩০০০	৩০০০	৬৬০০০০/-	৪৫০০/-	৩০০০/-	৬৬৭৫০০/-

উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক বিভাজন দেয়া এবং সে মোতাবেক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের নামের অগ্রাধিকার তালিকা পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিকট হতে চাওয়া যেতে পারে।

সিদ্ধান্ত-১ : উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনাতে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দ প্রাপ্ত কৃষকের সংখ্যা পৌরসভা/ইউনিয়নভিত্তিক বিগত বছরের আবাদের ভিত্তিতে নিম্নোক্তহারে বিভাজন করা হয় এবং ফসল অনুযায়ী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের নামের অগ্রাধিকার তালিকা আগামী ১৩/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা দানের জন্য সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। একই সাথে ইউনিয়ন ট্যাগ অফিসারগণ সংশ্লিষ্ট ইউনিয়নের তদারকি কর্মকর্তার দায়িত্ব পালন করবেন মর্মে এই সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

কর্মসূচির নীতিমালা অনুযায়ী কৃষকের সুবিধার্থে ১ কেজি পাট বীজ ব্লক/ইউনিয়ন থেকে বিতরণ করা যাবে। স্ব-স্ব ইউনিয়নের উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত পাট আবাদ করতে আহ্বান এবং উপযোগী জমি আছে এমন কৃষকের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙ্গানো এবং ওয়েব পোর্টালে প্রকাশের সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রমিক নং	পৌরসভা/ ইউনিয়নের নাম	ফসলের নাম ও কৃষক সংখ্যা		মন্তব্য
		পাট		
১.	পৌরসভা	১৮০		পাট : (৩৩ শতকের জন্য/জনপ্রতি) * বীজ - ০১ কেজি
২.	রুড়াইচ	৪৭০		
৩.	গোপালপুর	৪৭০		
৪.	আলফাডাঙ্গা	৪৭০		
৫.	টগরবন্দ	৪৭০		
৬.	বানা	৪৭০		
৭.	পাঁচুড়িয়া	৪৭০		
	মোট	৩০০০		

সরকারের এই কৃষি প্রণোদনা কার্যক্রম নীতিমালা অনুসারে সফলভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকল সদস্যদের সহযোগিতা কামনা করে সভার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Signature
০৬/০৩/২৪

(সারমীর্ ইয়াছমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও

সভাপতি

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
আলফাডাঙ্গা, ফরিদপুর।

স্মারক নং : ১২.১৮.২৯০৩.০৪১.৩৮.০৮৬.২১/

তারিখ : ০৬/০৩/২০২৪ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

১. জেলা প্রশাসক, ফরিদপুর।
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, টেপাখোলা, ফরিদপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৪. উপজেলা অফিসার ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৫. উপজেলা..... কর্মকর্তা ও ট্যাগ অফিসার,..... ইউনিয়ন, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৬. মোহাম্মদ ইকরামুল হাসান, কৃষক প্রতিনিধি, ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৭. অফিস নথি।

} সদয় অবগতির জন্য

Signature
০৬.০৩.২৪

(তুষার সাহা)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
আলফাডাঙ্গা, ফরিদপুর।

স্মারক নং : ১২.১৮.২৯০৩.০৪১.৩৮.০৮৬.২১/

তারিখ : ০৬/০৩/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ফরিদপুর-১ ও উপদেষ্টা, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আলফাডাঙ্গা, ফরিদপুর।

Signature
০৬.০৩.২৪

উপজেলা কৃষি অফিসার

আলফাডাঙ্গা, ফরিদপুর।